ঝিনাইদহ ক্যাডেট কলেজের অধ্যক্ষকে বিদায়ী সংবর্ধনা

ঝিনাইদহ ক্যাডেট কলেজের অধ্যক্ষ ও শিশুকুঞ্জ স্কুল এন্ড কলেজের সভাপতি কর্ণেল এস এম রাকিব ইবনে রেজওয়ানকে বিদায়ী সংবর্ধনা প্রদাণ করা হয়েছে।

মঙ্গলবার দুপুরে শিশুকুঞ্জ স্কুল এন্ড কলেজ মিলনায়তনে বিদায়ী সংবর্ধনা দেওয়া হয়। কলেজের অধ্যক্ষ আবুল কাশেমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিদায়ী সভাপতি কর্ণেল এস এম রাকিব ইবনে রেজওয়ান।

এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন, ক্যাডেট কলেজের ভাইস প্রিন্সিপাল শফিক উদ্দিন, এ্যাডজুট্যান্ট সরফরাজ নেওয়াজ, মেডিকেল অফিসার মেজর ডা: নুরুজ্জামান তুর্য। এছাড়াও বক্তব্য রাখেন, শিশুকুঞ্জ স্কুল এন্ড কলেজের সহকারী অধ্যাপক আব্বাস উদ্দিন, শিশু কুঞ্জ স্কুলের শিক্ষক মৃনালিনী সরকার, মিজানুর রহমান।

আলোচনা সভার শুরুতে সভাপতিকে সংবর্ধণা প্রদাণ করা হয়। এর আগে বিদ্যালয়ের শিক্ষার্থীদের পক্ষ থেকে বিদায়ী অতিথিকে সম্মাননা দেওয়া হয়।

মেহেরপুর জেলা বিএনপির নেতাদের বাগোয়ান বাসির সংবর্ধনা

মেহেরপুর জেলা বিএনপির নবগঠিত আহাবায়ক কমিটিকে বাগোয়ান ইউনিয়ন বাসীর পক্ষ থেকে সংবর্ধনা দেওয়া হয়েছে।

রবিবার (১২ জানুয়ারি) বিকেল চারটার দিকে মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নে বাগোয়ান সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বাগোয়ান ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মোঃ ইসলাম আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।

এসময় জাভেদ মাসুদ মিল্টন বলেন, এই বিএনপি আপনাদের বিএনপি, জনগণের বিএনপি, জাভেদ মাসুদ মিলটনের বিএনপি নয়, সুতরাং আপনাদের সিদ্ধান্ত আপনাদের কেই নিতে হবে, আগামী দিনের বিএনপি কিভাবে চলবে মেহেরপুর জেলাতে, আজকে আপনাদের সামনে আমি বার্তা দিতে এসেছি, আমি আপনাদের সামনে প্রতিশ্রুতি দিয়ে গেলাম জননেতা তারেক রহমান যে আস্থা এবং বিশ্বাস নিয়ে আমাদেরকে আপনাদের সামনে পাঠিয়েছে আমি প্রতিশ্রুতি দিয়ে গেলাম সেই আস্থার বিন্দুমাত্র ব্যত্যয় ঘটবে না । গ্রাম থেকে শুরু করে জেলা পর্যন্ত প্রত্যেকটি নেতা নির্বাচন করবেন আপনারা।

মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলামের সঞ্চালনায় সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, যুগ্ন আহবায়ক ফয়েজ মোহাম্মদ। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির যুগ্ন আহবায়ক আমিরুল ইসলাম।

এছাড়াও এসময় জেলা বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ইলিয়াস হোসেন, সাবেক সহ-সভাপতি এম এ কে খাইরুল বাশার, সাবেক সহ-সভাপতি আনছা-উল-হক, আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, জেলা বিএনপি সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, রেজাউল করিম, জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউছার আলী, সহ-সভাপতি আনিসুল হক লাভলু, সাংগঠনিক সম্পাদক আসাদুল হক, সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, সদস্য মেহেদী হাসান রোলেক্স, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, মেহেরপুর জিয়া মঞ্চের আহ্বায়ক এডভোকেট নজরুল ইসলাম, মেহেরপুর জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান (বিপ্লব), জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মে, সমাজসেবা কাজী খয়উদ্দিন, পৌর ছাত্রনেতা ফুর্তি, জনিসহ বিএনপির স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর পৌর গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্টে চ্যাম্পিয়নদের সংবর্ধনা

মেহেরপুর পৌর গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্ট ২০২৪-এর চ্যাম্পিয়নদের সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (৩ই জানুয়ারি) রাত সাতটার দিকে মেহেরপুর পৌরসভা ৯ নং ওয়ার্ডের এলাকাবাসীর আয়োজনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মেহেরপুর পৌর যুবদলের আহবায়ক সামিউল ইসলাম লিজনের সভাপতিত্বে প্রধান হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

মেহেরপুর জেলা যুবদলের সহ-সাংগঠনিক সম্পাদক ইমতিয়াজ হক সুমনের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, সমাজসেবক খাদেমুল হক, মেহেরপুর পৌরসভা ৯ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি কাইজার শেখ, জেলা শ্রমিকদলের সদস্য সাহেব আলী।

এ ছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভা ১নং ওয়ার্ডের কাউন্সিলর মীর জাহাঙ্গীর, পৌর যুবদলের সদস্য রাকিবুল ইসলাম রিপন প্রমুখ।

ঝিনাইদহে বিএসসি’র আহ্বায়ককে সংবর্ধনা

ঝিনাইদহ টেলিভিশন সাংবাদিক ফোরামের পক্ষ থেকে বাংলাদেশ সাংবাদিক কমিউনিটিকে (বিএসসি)’কে ফুলেল শুভেচ্ছা ও ক্রেস্ট প্রদান করা

হয়েছে। সংগঠনের পক্ষ থেকে আহ্বায়ক হিসেবে এম রায়হান এই ফুলেল শুভেচ্ছা ও ক্রেস্ট গ্রহণ করেন। গতকাল সোমবার রাতে শহরের রুফ রয়েল হোটেলে এই সংবর্ধনা প্রদান করেন।

সেসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ টেলিভিশন সাংবাদিক ফোরামের সভাপতি আরটিভি’র জেলা প্রতিনিধি শিপলু জামান, সাধারণ সম্পাদক ৭১ টেলিভিশনের জেলা প্রতিনিধি রাজিব হাসান, সংগঠনের উপদেষ্টা এটিএন বাংলার জেলা প্রতিনিধি নিজাম জোয়ারদার বাবলু, চ্যানেল আই’র জেলা প্রতিনিধি শেখ সেলিম, এসএ টিভি’র জেলা প্রতিনিধি ও সংগঠনের সহ-সভাপতি ফয়সাল আহমেদ, এশিয়ান টিভি’র জেলা প্রতিনিধি এম রবিউল ইসলাম রবি, মোহানা টিভি’র জেলা প্রতিনিধি সোহেল আহমেদ, বৈশাখী টেলিভিশনের জেলা প্রতিনিধি রফিকুল ইসলাম মন্টু, বিজয় টিভি’র জেলা প্রতিনিধি জহুরুল ইসলাম হিরো, সময় টিভি’র স্টাফ রিপোর্টার লোটাস রহমান সোহাগ, চ্যানেল টোয়েন্টিফোর’র জেলা প্রতিনিধি সাদ্দাম হোসেন, গাজী টিভি’র জেলা প্রতিনিধি ওলিয়ার রহমান, ডিবিসি’র শাহরিয়ার রহমান রকি, নিউজ টোয়েন্টিফোর জেলা প্রতিনিধি শেখ রুহুল আমিন, আনন্দ টিভি’র জেলা প্রতিনিধি মাজেদ রেজা বাঁধন, গ্লোবাল টিভি’র জেলা প্রতিনিধি মেহেদি হাসান জিকু, নাগরিক টিভি’র জেলা প্রতিনিধি মিশন আলী, আপ্যায়নের দায়িত্বে ছিলেন সংগঠনের সচিব সাংবাদিক বসির আহাম্মেদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চ্যানেল টোয়েন্টিফোর’র জেলা প্রতিনিধি সাদ্দাম হোসেন।

টেলিভিশন সাংবাদিক ফোরামের নেতৃবৃন্দকে বাংলাদেশ সাংবাদিক কমিউনিটি (বিএসসি)’র পক্ষ থেকে কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।

মেহেরপুরে সংবর্ধনা ও নজরুল স্মরণ অনুষ্ঠান

করমদি ডিগ্রি কলেজের অধ্যক্ষ এমদাদুল হক পিএইচ ডি ডিগ্রি অর্জন উপলক্ষ্যে মেহেরপুরে সংবর্ধনা ও নজরুল স্মরণ অনুষ্ঠানে আয়োজন করা হয়েছে।

মেহেরপুর জেলা নজরুল একাডেমির আয়োজনে আজ শনিবার (৯ নভেম্বর)

বিকেল ৩ টার দিকে শহরের কবি নজরুল শিক্ষা মঞ্জিলে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যক্ষ এমদাদুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা নজরুল একাডেমির সহ-সভাপতি শহিদুল ইসলাম।

এছাড়াও এসময় জেলা নজরুল একাডেমির সাধারণ সম্পাদক আনিসুর রহমান মাস্টার, কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সহকারী শিক্ষক এনামুল হক, কার্পাসডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক মোঃ লিয়াকত আলী, অবসরপ্রাপ্ত সেনাবাহিনী সার্জেন্ট সাইফুল ইসলাম, চুয়াডাঙ্গা সরকারি কলেজ অবসরপ্রাপ্ত সহকারী অধ্যাপক আব্দুল মজিদ, অক্সফোর্ড কিন্ডার গার্ডেন স্কুলের সহকারী শিক্ষিকা নাহিদা রহমান, উপ পরিদর্শক মীর মফিজুর রহমান, সাবেক সাব ইন্সপেক্টর নূর মোহাম্মদ, মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় মোঃ নাসির উদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুর পৌর মহিলা কলেজের নবগঠিত এডহক কমিটির সংবর্ধনা

কোটচাঁদপুর পৌর মহিলা কলেজের নবগঠিত এডহক কামটিকে সংবর্ধনা দেয়া হয়েছে। আজ মঙ্গলবার সকালে কলেজের হলরুমে এ সংবর্ধনা দেন কলেজের শিক্ষক ও শিক্ষার্থীরা।

সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) শহিদুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর পৌর মহিলা কলেজের নবগঠিত এডহক কমিটির সভাপতি ও কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এ কে এম সালাহউদ্দিন বুলবুল (সিডল), উপজেলা জামায়াতের আমীর ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান মোয়াবিয়া হোসাইন, পৌর মহিলা কলেজের প্রতিষ্ঠাতা সদস্য ও পৌর সভার সাবেক

মেয়র একে এম সিরাজুল হক সিরু মিয়ার সহধর্মিণী কামরুন নাহার (ডলি), এডহক কমিটির সদস্য ও শিক্ষক রবিউল ইসলাম, শিক্ষক প্রতিনিধি আবু বকর সিদ্দিক।

এ ছাড়া কলেজ প্রতিষ্ঠার স্মৃতিচারন করে বক্তব্য রাখেন, বিএনপি নেতা রেকজাউল ইসলাম, প্রাক্তন শিক্ষক মহাসিন আলী।

মেহেরপুর সরকারি মহিলা কলেজে শিক্ষক ও কর্মচারীদের সংবর্ধনা

মেহেরপুর সরকারি মহিলা কলেজে বদলি জনিত কারণে ৬ শিক্ষক ও অবসরজনিত কারণে এক কর্মচারীর বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে।

গতকাল রবিবার সকালে মেহেরপুর সরকারি মহিলা কলেজ মিলনায়তনে বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ আল আমিন।

বিদায়ী শিক্ষকদের মধ্যে সহকারী অধ্যাপক হাসানুজ্জামান, সহকারী অধ্যাপক মুনশি এ এইচ এম রাশেদুল হক, প্রভাষক হাফিজুর রহমান, বাবুল মিয়া নয়ন, জামসেদুর রহমান, গ্রন্থাগারিক শহিদুল ইসলাম এবং দক্ষ বেয়ারার হাফিজ উদ্দিনকে ফুল ও উপহার দিয়ে সংবর্ধনা দেওয়া হয়।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক কাজী আশরাফুল আলম, মিরাজ উদ্দিন, ড. এ এস এম আতিয়ার রহমান, ইকরামুল হাসান প্রমুখ। অনুষ্ঠানে শেষে বিদায়ীদের হাতে ক্রেস্ট ও প্রীতি উপহার তুলে দেওয়া হয়।

উদ্দীপ্ত সেবা সংঘের উদ্যোগে হরিণাকুণ্ডুতে নির্বাচিতদের সংবর্ধনা প্রদান

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।

রবিবার বিকেলে উপজেলার কাপাশাটিয়া ইউনিয়নের শাখারিদহ বাজারে উদ্দীপ্ত সেবা সংঘের উদ্যোগে এই সংবর্ধনা প্রদান করা হয়।

উদ্দীপ্ত সেবা সংঘের নির্বাহী পরিচালক আব্দুস সালাম বাপ্পির সঞ্চালনায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান সাইফুল ইসলাম টিপু মল্লিক।

এছাড়াও অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা ভাইস চেয়ারম্যান সাজেদুল ইসলাম ইশা, মহিলা ভাইস চেয়ারম্যান জেসমিন খাতুন, কাপাশহাটীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শরাফৎ দৌলা ঝন্টু । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুল মজিদ মন্ডল। অনুষ্ঠানে উদ্দীপ্ত সেবা সংঘের সেবা গ্রহিতা এবং অন্যান্য সাধারণ মানুষ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় এসএসসি পরীক্ষায়

বৃত্তিপ্রাপ্ত ও জিপিএ-৫

প্রাপ্ত শিক্ষার্থীদের

সংবর্ধনা

আলমডাঙ্গা একাডেমির ২০২৩ ও ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত ও জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ৮ টার দিকে বিদ্যালয় প্রাঙ্গণে এ সংবর্ধনা সভার আয়োজন করা হয়।

সংবর্ধনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ইমদাদুল হুদা। আলমডাঙ্গা একাডেমির সভাপতি ড. মোহাম্মদ আব্দুস শহীদের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া সরকারী কলেজের সমাজ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান ড. মো: ফিরোজুল ইসলাম,চুয়াডাঙ্গা জেলা প্রাণি সম্পদ অফিসার ডাঃ এ এইচ এম শামীমুজ্জামান।

শিক্ষার্থী হুমায়ারা শারমিলা, নুসরাত জাহান মীম, সালমান ফারসী ও সায়েম আদনান এর উপস্থাপনায় ওই অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন পাবনা ক্যাডেট কলেজের শিক্ষার্থী সালমান সাদিক মালিক, মেডিকেল কলেজের শিক্ষার্থী ইকবাল মাহমুদ সানভী, কুয়েট এর শিক্ষার্থী আব্দুর রাব্বি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আব্দুস শহীদ নাসিম, ২০২৪ সালের শিক্ষার্থী খোন্দ: আননুর ফাহমিদ, ২০২৩ সালের শিক্ষার্থী সাব্বির হোসেন, মুসরাত মোস্তফা, ২০২১ সালের শিক্ষার্থী এসএম এ সানী, খুলনার এগ্রো টেকনেলজী তাসনিয়া তাসনীম, কুয়েট শিক্ষার্থী সাকিব আহম্মেদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী জারিন তাসনিম।

অনুষ্ঠানে এসএসসি ২০২৩ ও ২০২৪ সালের কৃতি শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করা হয়। ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় ২ জন ট্যালেন্টপুলে ও ৭ জন সাধারণ গ্রেডসহ মোট ৩৭ জন শিক্ষার্থী এবং ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত ৬১ জন শিক্ষার্থীকে ক্রেস্ট প্রদান করা হয়। এছাড়াও ২০২০ ও ২০২১ সালের এসএসসি পরীক্ষায় কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থীদের মধ্যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পাবলিক বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজে সুযোগ প্রাপ্ত সহ মোট ২২ জনকে সংবর্ধিত করা হয়।

অনুষ্ঠানে পরিচালনা পরিষদের সকল সদস্য ও উপদেষ্টা পরিষদের সদস্যবৃন্দ শিক্ষক-কর্মচারী শিক্ষার্থী ও অভিভাবক মন্ডলী উপস্থিত

ছিলেন।

চুয়াডাঙ্গায় সদর উপজেলার নব-নির্বাচিত চেয়ারম্যানকে সংবর্ধনা

চুয়াডাঙ্গা সদর উপজেলা নবনির্বাচিত চেয়ারম্যান নঈম হাসান জোয়ার্দারকে সংবর্ধনা দিয়েছেন চুয়াডাঙ্গা চেম্বার অব কর্মাস। আজ শনিবার বেলা ১২ টায় চুয়াডাঙ্গা চেম্বার অব কর্মাসের কমিউনিটি সেন্টারের এই অনুষ্ঠান উপলক্ষে আলোচনা সভা করা হয়।

সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা চেম্বার অব কর্মাসের সভাপতি ইয়াকুব হোসেন মালিক। এসময় অনুষ্ঠানটি আয়োজন করেন চুয়াডাঙ্গা চেম্বার অব কর্মাস অ্যান্ড ইন্ডাস্ট্রি।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোওয়াত করেন চুয়াডাঙ্গা চেম্বার অব কর্মাসের পরিচালক হারুনর-রশিদ। এরপর চেম্বার অব কর্মাসের সকল পরিচালকরা নবনির্বাচিত চেয়ারম্যান নঈম হাসান জোয়ার্দারকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান।

শুরুতে স্বাগত বক্তব্য রাখেন চেম্বার অব কর্মাসের পরিচালক নাসির আহাদ জোয়ার্দার। অনুষ্ঠানে নবনির্বাচিত চেয়ারম্যান নঈম হাসান জোয়ার্দারকে তার নির্বাচনি প্রতিক ঘোড়া তার হাতে তুলে দেন অনুষ্ঠানে সভাপতি ইয়াকুব হোসেন মালিক।

এরপর অনুষ্ঠানের প্রধান অতিথি চুয়াডাঙ্গা সদর উপজেলা নবনির্বাচিত চেয়ারম্যান নঈম হাসান জোয়ার্দার বলেন, জনগণের সেবা করাটা আমাদের উত্তম। তাই আগামীদিনের মানুষের প্রত্যাশা নিয়ে কাজ করতে চাই। সবার সহযোগীতা নিয়ে চুয়াডাঙ্গা সদর উপজেলা সকল শ্রেণি পেশার মানুষের পাশে দাঁড়াতে চাই। সকল প্রতিবন্ধকতা পিছনে রেখে চুয়াডাঙ্গা জেলার উন্নয়ন করতে চাই। সবাই এক সাথে পথ চলে আগামী দিনের কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে চাই। আর আমার এই সংবর্ধনা

দেয়ার জন্য চুয়াডাঙ্গা চেম্বার অব কর্মাসের সকল পরিচালক ও কর্তৃপক্ষকে জানায় ধন্যবাদ।

এসময় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, দৈনিক পশ্চিমাঞ্চলে সম্পাদক ও প্রকাশক আজাদ মালিতা, চুয়াডাঙ্গা জেলা প্রেস ক্লাবের সভাপতি অ্যাড. মানিক আকবর, চুয়াডাঙ্গা প্রেস ক্লাবের সভাপতি রাজিব হাসান কচি, দৈনিক সময়ের সমীকরণের প্রধান সম্পাদক নাজমুল হক স্বপন, দৈনিক আকাশ খবরের সম্পাদক জান্নাতুল আওলিয়া নিশি, প্রমুখ।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা চেম্বার অব কর্মাসের সিনিয়র সহ-সভাপতি শাহরিন হক মালিক, সহ-সভাপতি মঞ্জুরুল আলম মালিক লার্জ, পরিচালক সালাউদ্দিন মোহাম্মদ মর্তুজা, সালাউদ্দিন মিঠু, তাজুল ইসলাম, এস এম তসলিম আরিফ বাবু, কিশোর কুমার কুন্ডু, কামরুজ্জামান হিরা, প্রমুখ।